গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

**উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর জুলাই-২০২৪ খ্রি: মাসের সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এজাজ আহমেদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা। |
| সভার স্থান | : | উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবনের হলরুম, ডুমুরিয়া, খুলনা। |
| সভার তারিখ ও সময় | : | ২৮ জুলাই, ২০২৪ সময় – দুপুর ১২.০০ টা |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে ৮নং শরাফপুর ইউপি চেয়ারম্যান জনাব রবিউল ইসলাম রবি হত্যার প্রতিবাদে ১ মিনিট দাড়িয়ে নিরবতা পালন করেন এবং উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার ডুমুরিয়া, খুলনাকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচি অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিভাবে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ২৭ জুন, ২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করা হয়। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২৭ জুন ২০২৪ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কার্যবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |
| ৩ | আয়-ব্যয়ের হিসাব | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া জুলাই-২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব ও উন্নয়ন তহবিলে জমা/আয় এবং উক্ত তহবিল হতে ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন যা-নিম্নরুপ:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয় বিবরণী ঃ<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জুলাই-২০২৪ মাসে স্থিতি- ৩২,৯৩,২৬৫.৮০/- টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থিতির পরিমাণ- ১৩,২৩,৬২,৩২৩.৩৮/-টাকা। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ বিধি মোতাবেক জমা এবং ব্যয় নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা পরিষদ |

এজাজ আহমেদ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ | ২০২৩-২৪ অর্থবছরের উপজেলা পরিষদের রাজস্ব ব্যয়ের পরে উদ্বৃত্ত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে জমা বাবদ ৫,৫০,০০০০০/-টাকা।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২০২৩-২৪ অর্থবছরের উপজেলা পরিষদের রাজস্ব ব্যয়ের পরে উদ্বৃত্ত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে জমা বাবদ ৫,৫০,০০০০০/- টাকা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা পরিষদ |
| | | ২) নওশীন কনস্ট্রাশন, ডুমুরিয়া, খুলনাকে ২০২৩-২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের ২য় তলা অডিটরিয়ামের সাউন্ড সিস্টেম বাবদ চূড়ান্ত বিল ভ্যাট ও আয়কর সহ মোট ৯,১৪,৮৫৫/- টাকা ব্যয়িত হয় ।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২) নওশীন কনস্ট্রাশন, ডুমুরিয়া, খুলনাকে ২০২৩-২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের ২য় তলা অডিটরিয়ামের সাউন্ড সিস্টেম বাবদ চূড়ান্ত বিল ভ্যাট ও আয়কর সহ মোট ৯,১৪,৮৫৫/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৩) বিসমিল্লাহ এন্টারপ্রাইজ ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের ২য় তলা অডিটরিয়ামের আসবাবপত্র ক্রয় বাবদ চূড়ান্ত বিল ভ্যাট ও আয়কর সহ মোট ১০,০০,০০০/- টাকা ব্যয়িত হয় ।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩) বিসমিল্লাহ এন্টারপ্রাইজ ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের ২য় তলা অডিটরিয়ামের আসবাবপত্র ক্রয় বাবদ চূড়ান্ত বিল ভ্যাট ও আয়কর সহ মোট ১০,০০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৪) জনাব মোঃ নূরুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা বাংলা ১৪৩১ সনের হাট বাজার ইজারা জনিত খরচ বাবদ ভ্যাট ও আয়করসহ মোট ২৪,৯৯০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪) জনাব মোঃ নূরুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনাকে বাংলা ১৪৩১ সনের হাট বাজার ইজারা জনিত খরচ বাবদ ভ্যাট ও আয়করসহ মোট ২৪,৯৯০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৫) জনাব প্রদীপ দেবনাথ, সারনিকা হার্ডওয়াক এন্ড ইলেকট্রিক হাউজ, ডুমুরিয়া চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের ইলেকট্রিক মালামাল ক্রয়ের বিল বাবদ ২৫,০০০/- টাকা, ভ্যাট ও আয়করসহ ব্যয়িত হয়।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫) জনাব প্রদীপ দেবনাথ, সারনিকা হার্ডওয়াক এন্ড ইলেকট্রিক হাউজ ডুমুরিয়াকে চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের ইলেকট্রিক মালামাল বিল বাবদ ২৫,০০০/- টাকা, ভ্যাট ও আয়করসহ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৬) জনাব এস এম কামরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে উপজেলা পরিষদের উপজেলা প্রকৌশলী, | ৬) জনাব এস এম কামরুজ্জামান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উপজেলা সমবায় ও উপজেলা যুব উন্নয়ন কার্যলয়ের বিদ্যুৎ সংযোগ সংস্কার বাবদ ভ্যাট ও আয়করসহ ২০,০০০/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের উপজেলা প্রকৌশলী, উপজেলা সমবায় ও উপজেলা যুব উন্নয়ন কার্যলয়ের বিদ্যুৎ সংযোগ সংস্কার বাবদ ভ্যাট ও আয়করসহ ২০,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৭) জনাব আব্দুল কাদের, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডুমুরিয়া, খুলনা উপজেলা পরিষদের সিসি ক্যামেরা সংস্কার বাবদ ভ্যাট ও আয়করসহ ৫০,০০০/- টাকার বিল ভাউচার দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৭) জনাব আব্দুল কাদের, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডুমুরিয়া খুলনাকে উপজেলা পরিষদের সিসি ক্যামেরা সংস্কার বাবদ ভ্যাট ও আয়করসহ ৫০,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৮) জনাব মোঃ মুজিবর রহমান, দক্ষ মালী, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনে সেনেটারি মালামাল ক্রয়া বাবদ ভ্যাট ও আয়করসহ ২৪,৯৬৫/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৮) জনাব মোঃ মুজিবর রহমান, দক্ষ মালী, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনাকে চেয়ারম্যান মহোদয়ের বাসভবনে সেনেটারি মালামাল ক্রয়া বাবদ ভ্যাট ও আয়করসহ ২৪,৯৬৫/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৯) জনাব মোঃ হাবিবুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৪ আয়োজনে বরাদ্দ বাবদ ভ্যাট ও আয়করসহ ১,২৫,৬০৮/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৯) জনাব মোঃ হাবিবুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনাকে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৪ আয়োজনে বরাদ্দ বাবদ ভ্যাট ও আয়করসহ ১,২৫,৬০৮/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫ | কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ২৯ এর বিধান মোতাবেক ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। বিধি মোতাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদ্বয় কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন। অপরাপর দপ্তর হতে স্থায়ী কমিটির সভা হলেও কার্যবিবরণী ও সুপারিশমালা প্রেরণ করেননি। বিষয়টা নিয়ে সভায় আলোচনা হয়। দপ্তরভিত্তিক কাজের স্বচ্ছতা, জবাবদিহিতাবৃদ্ধি ও পরিষদের কাজের সহায়তার জন্য স্থায়ী কমিটির কার্যকর করা অত্যান্ত জরুরী মর্মে সভায় আলোচনা হয়। | উপজেলা পরিষদের কাজের সহায়তার নিমিত্ত ১৭ (সতের) টি স্থায়ী কমিটি নিয়মিত সভা আহবান ও সুপারিশ সম্বলিত কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করবেন। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

CS CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৬ | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা। | ক) উপজেলা প্রকৌশলী জানান যে, পিপিআর-২০০৮ অনুযায়ী প্রকিউরিং এন্টিডিটি একটি অর্থ বছরে নিদিষ্ট পরিমান টাকার কোটেশন করার বিধান আছে। সে মোতাবেক টাকা রেজুলেশনে মাধ্যমে স্কীম তালিকায় অন্তভুক্ত আছে। তারপরেও চেয়ারম্যানবৃন্ধ পিআইসি এর পরিবর্তে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য আবেদন করেন, যাহা উপজেলা চেয়ারম্যান ডুমুরিয়া মহোদয় জোর সুপারিশ করেন। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপস্থাপন করা হলো।<br>৪৯.রুদাঘরা ইউনিয়নে দক্ষিন মিকশিমিল কবির মোড়ল এর বাড়ি হইতে আক্তার সরদার এর বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা নির্মান। ৫০রুদাঘরা ইউনিয়নে মধুগ্রাম মোড়ে জহুরুল গাজী, পিং- হাছেন আলী, সাং- মধুগ্রাম, এর বাড়ীর স্বনিকটে গভীর নলকূপ স্থাপন। ৫১.রুদাঘরা ইউনিয়নে মধুগ্রাম মোড়ে মামুন শেখ, পিং- জব্বার শেখ, সাং- মধুগ্রাম, এর বাড়ীর পার্শ্বে গভীর নলকূপ স্থাপন। ৫২.রুদাঘরা ইউনিয়নে মধুগ্রাম মোড়ে জয়ন্ত কর্মকার, পিং- জগদীস কর্মকার, সাং- মধুগ্রাম, এর বাড়ীর পার্শ্বে গভীর নলকূপ স্থাপন। ৫৩.শরিফুল ইসলাম, পিং- গনি গাজী, সাং- মধুগ্রাম এর বাড়ীর পার্শ্বে গভীর নলকূপ স্থাপন। ৫৭.রুদাঘরা ইউনিয়নে চহেড়া পিচের রাস্তা হইতে পূজা মন্দির অভিমুখে ইটের রাস্তা সংস্কার। ৫৮.রুদাঘরা ইউনিয়নে হাসানপুর দূর্গা মন্দির সংস্কার। ৫৯.রুদাঘরা ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরন। ৪৮নং-হাসানপুর ওয়াপদা রাস্তায় পানি নিস্কাশনের জন্য কালভার্ট নির্মাণ এর পরিবর্তে রুদাঘরা মিকশিমিল মোসলেম মোল্যা, পিতা- মৃত নওশের মোল্যার বাড়ির পার্শ্বে জনস্বার্থে গভীর নলকূপ স্থাপন এবং জাহাঙ্গীর মোল্যা, পিং- হোসেন মোল্যা, গ্রাম- মধুগ্রাম, বাড়ির পার্শ্বে জনস্বার্থে গভীর নলকূপ স্থাপন। | ক) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত স্কীমগুলি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা ও উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা। |
| | | খ) উপজেলা প্রকৌশলী জানান যে, চেয়ারম্যান গুটুদিয়া ইউপি, ডুমুরিয়া, খুলনা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ১) ৭৩৮নং গুটুদিয়া ইউনিয়নে লতা পুষ্পলের বাড়ীর রাস্তার পুকুরের পাশে প্যালাসাইডিং ২) লতা প্রশান্ত বিশ্বাসের বাড়ীর পাশে রাস্তার পুকুরের পাশে প্যালাসাইডিং ৩) লতা শীতলা মন্দিরের পুকুরের পাশে প্যালাসাইডিং উত্তর বিলপাবলা কালভার্টের পশ্চিম পাশে রাস্তার পাশে প্যালাসাইডিং ৭৩৯- গুটুদিয়া ইউনিয়নে লাইন বিল পাবলা খৈই তলা খালের উপর (জামে মসজিদের পাশে) ব্রীজ নির্মাণ কাজগুলি আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত ছিল। কিন্তু সরোজমিনে পরিদর্শনে দেখা যায় যে উক্ত স্থানে কাজ করার প্রয়োজন নাই বিধায় উক্ত কাজের পরিবর্তে পশ্চিম বিলপাবলা প্রাইমারী স্কুল মেইন রাস্তা হইতে টগরের বাড়ী অভিমুখী রাস্তা আর সি সি ঢালাই দ্বারা উন্নয়ন এবং কাচনাপাড়া মঙ্গলের বাড়ী হতে পরশের ঘের অভিমুখী রাস্তা আর সি সি দ্বারা উন্নয়নের জন্য গত মাসিক সভায় উপস্থাপন করে ছিলেন। এ ব্যাপারে পরবর্তী সিদ্ধান্তের জন্য | খ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে পরিবর্তিত স্কীমগুলি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উপস্থাপন করেন। | | |
| | | গ) উপজেলা প্রকৌশলী গুটুদিয়া ইউনিয়নে ময়ূরী আবাসিক ক্রসরোড ৯(পূর্বপার্শ্ব) হতে ২২ ফুট জামে মসজিদ রোড (আরাফাত নগর) ভায়া আন্দারী খাল (মোট দৈর্ঘ্য ২ কিলো ১২০ মিটার) রাস্তাটি এলজিইডি এর রোড ইনভেনটরীতে অর্ন্তভুক্ত করার জন্য প্রস্তাব করেন। | (গ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে রাস্তাটি ইনভেনটরীতে অর্ন্তভূক্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | ঘ) উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ২০২৩-২৪ অর্থবছরের ৫৪৮নং ক্রমিকের ৭নং ওয়ার্ডে রবিন গোসাই আশ্রমে গভীর নলকূপ স্থাপন, ৫৬৮নং ক্রমিকের আলোয়া খাতুন,পিং- মকবুল হোসেন, গ্রাম- গুটুদিয়া এদের বাড়ির পার্শে গভীর নলকূপস্থাপনের জন্য যে বরাদ্দ দেওয়া হয়েছিল সে অনুযায়ী প্রাক্কলন প্রস্তত করা হয় কিন্তু বাস্তবতার নিরীক্ষে পান যোগ্য পানি পাওয়া যাবে না বিধায় সাধারণ জনগন আবেদন জানিয়েছে। তবে ৩০৫ মি: গভীরতা সম্পূন্ন নলকূপ স্থাপন করা হলে পানযোগ্য পানি পাওয়া যাবে। এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্তের জন্য উপস্থাপন করেন। | (ঘ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে পানির লেয়ার অনুযায়ী প্রাক্কালন প্রস্তুতের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | ঙ) উপজেলা প্রকৌশলী ২০২৩-২৪ অর্থবছরে (পরিশিষ্ট-ক,৩০.০১.২০২৪ ইং) ৬৯৪নং ক্রমিকের উপজেলা অফিসার্স ক্লাবের অসম্পূর্ণ কাজ সমাপ্ত করণ স্কীমটি বাতিল পূর্বক দেশের ক্রান্তি কালীন সময়ে উপজেলা পরিষদ নিরাপত্তার স্বার্থে ৫টি গেট নির্মাণ ও সংস্কার করার প্রস্তাব করেন। | ঙ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে পূর্বে গৃহীত স্কীমটি বালিত পূর্বক নতুন বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | চ) উপজেলা প্রকৌশলী হাট-বাজার উন্নয়ন তহবিল/২০২৩-২৪ এ গৃহীত স্কীমসমূহ বাস্তবায়নের জন্য বিভিন্ন ঠিকাদারকে ৩০.০৪.২০২৪ ইং তারিখ পর্যন্ত সময় দেওয়া হয়েছিল কিন্তু জায়গার জটিলতা, বর্ষা মৌসুম এবং রাজনৈতিক অস্থিরতার কারণে ঠিকাদারদের আবেদনের প্রেক্ষিতে আগামী ৩০.১২.২০২৪ ইং তারিখ পর্যন্ত বর্ধিত সময় অনুমোদনের প্রস্তাব করেন। | চ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ৩০.০৪.২০২৪ ইং তারিখ পর্যন্ত সময় অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | | ছ) উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/২০২২-২৩ অর্থ বছরে ২৬.০১.২০২৩ ইং তারিখে মাসিক সমন্বয় সভায় উপজেলা অফিসার্স ক্লাব নির্মানের জন্য ১০,০০,০০০/- টাকা বরাদ্ধ হয়। সে মোতাবেক দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৬/২৩-২৪ এর মাধ্যমে ০৪.১২.২০২৩ ইং তারিখে দরপত্র গ্রহন করা হয়। কিন্তু উর্দ্ধতন কর্তৃপক্ষের মৌখিক নির্দেশে সাময়িক সময়ের জন্য কাজটি বাস্তবায়ন করা হয়নি। সেজন্য এ যাবদকাল ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়নি। বর্তমানে বর্নিত কাজটি বাস্তবায়নের নিমিত্তে সভায় উস্থাপন করেন। | ছ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে চলতি অর্থবছরে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হল। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বা[illegible]য়নে |
|---|---|---|---|---|
| | | জ) উপজেলা প্রকৌশলী রাজস্ব তহবিল/২০২৩-২৪ অর্থ বছরে ৩০.০১.২০২৪ ইং তারিখে মাসিক সমন্বয় সভায় ২টি প্যাকেজে ৮টি ঘর ভূমিহীনদের জন্য ০৬/২৩-২৪ এর মাধ্যমে ০৪.১২.২০২৩ ইং তারিখে দরপত্র গ্রহন করা হয় কিন্তু উর্দ্ধতন কর্তৃপক্ষের মৌখিক নির্দেশে সাময়িক সময়ের জন্য কাজটি বাস্তবায়ন করা হয়নি। সেজন্য এ ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয় নাই। বর্তমানে বর্নিত কাজটি বাস্তবায়নের নিমিত্তে সভায় উস্থাপন করেন।<br><br>ঝ) উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের নিচ তলায় মুজিব কর্ণার ও লাইব্রেরী স্থাপনের জন্য উপজেলা রাজস্ব তহবিল হইতে দরপত্র আহবান করায় ০৪.১২.২০২৩ ইং তারিখে দরপত্র গ্রহন করা হয় কিন্তু রাজনৈতিক অস্থিরতার কারণে উক্ত কাজ বাস্তবায়ন করা সম্ভব নয় বিধায় কাজটি বাতিল করার প্রস্তাব উস্থাপন করেন।<br><br>ঞ) উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় করার জন্য ২,০০,০০০/- ( দুই লক্ষ) টাকা এবং উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় করার জন্য ২,০০,০০০/- ( দুই লক্ষ) টাকা অনুমোদন আবশ্যক। | জ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে চলতি অর্থবছরে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>ঝ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে কাজটি বাতিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>ঞ) বিষয় গুলো সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা রাজস্ব তহবিল হতে পি আই সি এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ৭ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, পরিচালক (সমাজসেবা নিরাপত্তা) সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা মহোদয়ের স্মারক নং- ৪১.০১.০০০০.০৪১.১৪.০১০.৪৭৭ তারিখ: ০৪/০৭/২৪ খ্রিঃ মূলে ২০২৪-২৫ অর্থ বছরে বিগত বছরের ন্যায় এ বছরও সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি, অনগ্রসর জনগোষ্ঠীর ( বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি) এবং হিজড়া ভাতা কর্মসূচির সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা প্রয়োজন। তিনি আরও বলেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সুবিধাভোগীদের দোরগোড়ায় ভাতার অর্থ পৌছানোর লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের ২য় কিস্তি হতে G2P পদ্ধতিতে বিতরণ করা হচ্ছে। তিনি জানান লাইভ ভেরিফিকেশন এর উদ্দেশ্য হলো: মৃত ভাতাভোগীদের চিহ্নিত করা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচির কোন উপকারভোগী পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন কি না প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কর্মসূচির আওতায় সুবর্ন নাগরিক কার্ড ব্যতিরেকে আর্থিক সুবিধা গ্রহণ করছেন কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত অলোচনা করা হয়। | সভায় উপস্থিত সম্মিনিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে ডুমুরিয়া উপজেলাধীন ১৪ টি ইউনিয়নে পর্যায়ক্রমিকভাবে লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে সহযোগিতা প্রদানের অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) |
| ৮ | উপজেলা তথ্যকেন্দ্র | সভায় কাজের অগ্রগতি উল্লেখ করে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যআপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় প্রধান কার্যালয়ের মাসিক লক্ষ্যমাত্রা ৯৫০ জন অনুযায়ী তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর এর মাধ্যমে ৬০০ জনকে | তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় উঠান বৈঠক, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, কৃষি ও জেন্ডার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | (শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যাবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে) সেবা দেওয়া হয়েছে। তথ্যকেন্দ্র থেকে ৪৪ জনকে সেবা দেওয়া হয়েছে। প্রকল্প অফিসের নির্দেশনায় ৪টি উঠান বৈঠকের মাধ্যমে ২০০ জনকে সেবা দেওয়া হয়েছে। ০৭নং শোভনা ইউনিয়নের ০২নং ওয়ার্ডের দলিত স্কুলে জুন মাসের প্রথম উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রিসোর্স পারসন হিসের উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক কর্মকর্তা জনাব হাসি রানী রায়। ১৩নং গুটুদিয়া ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের বাদুরগাছা গ্রামে ইউপি সদস্য বন্দনা রানির বাড়িতে জুন মাসের ২য় উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব এস.এম কামরুজ্জামান। ০৪নং খর্নিয়া ইউনিয়নের ০২নং ওয়ার্ডের ভদ্রদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জুন মাসের ৩য় উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক, জনাব লীনা জেসমিন। ১৩নং গুটুদিয়া ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের লতা গ্রামের বিশ্বাস বাড়ি দূর্গা মন্দিরে ইউপি জুন মাসের ৪র্থ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন ডেপুটি জেনারেল ম্যানেজার, জনাব কাজী রমজান আলী। এমতাবস্তায় তথ্যকেন্দ্র থেকে সর্বমোট ৮৪৪ জনকে উল্লেখিত বিষয়ে সেবা প্রদান করা হয়েছে। | বিষয়ে অনুষ্ঠান করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয় । | |
| ৯ | প্যানেল চেয়ারম্যান গঠন | উপজেলা চেয়ারম্যান জানান যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০১১ পর্যন্ত সংশোধিত) এর ধারা ১৫(৩) অনুযায়ী উপজেলা পরিষদ চেয়ারম্যান পদত্যাগ, অপসারণ, মৃত্যুজনিত অথবা অন্য যে কোন কারণে চেয়ারম্যান পদ শূন্য হলে নতুন চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত চেয়াম্যান প্যানেল হতে অগ্রাধিকারক্রমে একজন ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। এছাড়া উপজেলা পরিষদের চেয়ারম্যান ছুটিকালীন সময়ে চেয়ারম্যান প্যানেল-১ কে চেয়াম্যানের দায়িত্ব প্রদান করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত অলোচনা করা হয়। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভায় উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে জনাব গোবিন্দ কুমার ঘোষ, প্যানেল চেয়ারম্যান-১ ও জনাব শারমীনা পারভীন, প্যানেল চেয়ারম্যান-২ হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এজাজ আহমেদ

(এজাজ আহমেদ)
চেয়ারম্যান
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬২২৫(অফিস)

CS CamScanner

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২১.৬১৭ (৫০) তারিখঃ ২৮/০৭/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, খুলনা ।
৪. জেলা প্রশাসক, খুলনা
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা
৬. নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা।
৮. উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, খুলনা।
৯. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
১০. ------------------------------------------------------------------------------------জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
১১. উপজেলা -----------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা
১২. সহকারী প্রোগ্রামার, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. জনাব ---------------------------------------------------------------------

২৮.০৭.২০২৪

মুহাম্মদ আল-আমিন
উপজলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬০০১